তারিখ ১১ MAY 2016
পৃষ্ঠা ২,৩ কলাম ৮

যুগান্তর

# এসএসসি ও সমমান পরীক্ষার ফল আজ

যুগান্তর রিপোর্ট

এসএসসি ও সমমান পরীক্ষার ফল আজ প্রকাশ করা হচ্ছে। দুপুর ১টায় সংবাদ সম্মেলনের মাধ্যমে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ ফল প্রকাশের ঘোষণা দেবেন। অবশ্য এর আগে রেওয়াজ অনুযায়ী সকাল ১০টায় প্রধানমন্ত্রীর হাতে ফলাফলের সারসংক্ষেপ তুলে দেয়া হবে।

শিক্ষা মন্ত্রণালয় এবং বিভিন্ন বোর্ডের কর্মকর্তারা জানিয়েছেন, দুপুরে শিক্ষামন্ত্রীর ফল ঘোষণার পরই শিক্ষার্থীরা নিজ শিক্ষা প্রতিষ্ঠান, অনলাইন এবং এসএমএসে ফল জানতে পারবেন। ফলাফল অনলাইনে বোর্ডের ওয়েবসাইট (http://www.educationboardresults.gov.bd) পাওয়া যাবে। যে কোনো মোবাইল অপারেটর থেকে এসএমএস করেও ফল জানা যাবে।

■ পৃষ্ঠা ২ : কলাম ৮

## এসএসসি পরীক্ষার ফল আজ

(শেষ পৃষ্ঠার পর)

এজন্য SSC লিখে স্পেস দিয়ে বোর্ডের নামের প্রথম তিন অক্ষর (যেমন : Dha) লিখে স্পেস দিয়ে শিক্ষার্থীর রোল নম্বর লিখে স্পেস দিয়ে ২০১৬ লিখে ১৬২২২ নম্বরে এসএমএস পাঠাতে হবে। তাহলে ফিরতি এসএমএসে ফল জানা যাবে।

এবার সারা দেশে মোট ১৬ লাখ ৫১ হাজার ৫২৩ জন পরীক্ষার্থী অংশ নেয়। এদের মধ্যে আট লাখ ৪২ হাজার ৯৩৩ জন ছাত্র এবং আট লাখ আট হাজার ৫৯০ জন ছাত্রী। মোট পরীক্ষার্থীর মধ্যে নিয়মিত ছাত্রছাত্রী ১৪ লাখ ৭৪ হাজার ৯২৭ জন। বাকিরা গতবছর ফেল করা কিংবা মানোন্নয়ন পরীক্ষার্থী। পরীক্ষার্থীদের মধ্যে আছে— আটটি সাধারণ বোর্ডের অধীনে এসএসসিতে ১৩ লাখ চার হাজার ২৭৪ জন, মাদ্রাসা বোর্ডের অধীনে দাখিলে দুই লাখ ৪৮ হাজার ৮৬৫ জন এবং কারিগরি বোর্ডের অধীনে এসএসসি ভোকেশনালে ৯৮ হাজার ৩৮৪ জন ছিল। ১ ফেব্রুয়ারি শুরু হয়ে ৮ মার্চ পর্যন্ত চলে তত্ত্বীয় পরীক্ষা। ব্যবহারিক পরীক্ষা ৯ মার্চ শুরু হয়ে শেষ হয় ১৪ মার্চ। সেই হিসাবে এবার ৫৭তম দিনে এই ফল প্রকাশ করা হচ্ছে।